



## সিমাগো র্যাংকিংয়ে প্রথমবার জায়গা পেলো জবি

আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থানে প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)।

বুধবার (২১ এপ্রিল) বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউশনের ওয়েবসাইটে প্রকাশিত ২০২১ সালের র্যাংকিংয়ের প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়।

বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো ইনস্টিটিউশন র্যাংকিংয়ের ২০২১ সালের সংস্করণে জায়গা পায় বিশ্ববিদ্যালয়টি।

প্রতিবেদনে বাংলাদেশের ৩০টি সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে। এর মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৮তম। এছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১২তম অবস্থানে আছে জবি। এশিয়া অঞ্চলে ৪৪৬ ও আন্তর্জাতিকভাবে ৮২৪তম অবস্থানে আছে বিশ্ববিদ্যালয়টি।

বিশ্ববিদ্যালয়ের এমন সাফল্যে (ভারপ্রাপ্ত) উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমদ বলেন, ‘জগন্নাথ ইউনিভার্সিটির বয়স ১৫ বছর, সেই হিসেবে এই অর্জনটা অনেক বড়। এ ক্ষেত্রে শিক্ষকদের একটা গুরুতপূর্ণ ভূমিকা রয়েছে। অনেক শিক্ষকের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভালো সাফল্য রয়েছে। আশা করি জগন্নাথ বিশ্ববিদ্যালয় খুব শিগগিরই আরও অনেক দূর এগিয়ে যাবে।’

উল্লেখ্য, ২০২১ সালের এই তালিকায় বিশ্বের ৭ হাজার ৫৫৩টি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান জায়গা পেয়েছে। এবছর বাংলাদেশে প্রথম অবস্থানে রয়েছে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র ‘বাংলাদেশ আইসিডিডিআরবি’।

তথ্য সূত্রঃ জবি সংবাদদাতা || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৭:৪৩, ২১ এপ্রিল ২০২১